দৈনিক ইত্তেফাক

FEB 28 2001
তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# পদোন্নতির দাবীতে সরকারী কলেজ শিক্ষকদের ১৯, ২০ ও ২১শে মার্চ ক্লাস বর্জনের সিদ্ধান্ত

**ইত্তেফাক রিপোর্ট** ॥ আগামী ১৫ই মার্চের মধ্যে পদোন্নতি না হইলে সারাদেশের সরকারী কলেজের শিক্ষকগণ ১৯,২০ ও ২১শে মার্চ ক্লাস বর্জনের সিদ্ধান্ত নিয়াছেন। গতকাল মঙ্গলবার ঢাকার শিক্ষাভবন চত্বরে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি আয়োজিত এক সমাবেশে এ

(১৫শ পৃষ্ঠায় ৭-এর কঃ দ্রঃ)

## পদোন্নতির দাবীতে

(শেষ পৃষ্ঠার পর)

কর্মসূচী ঘোষণা করা হয়। সমিতির সভাপতি অধ্যাপিকা জাহানারা বেগমের সভাপতিত্বে সমাবেশে মহাসচিব অধ্যাপক কফিল উদ্দিন, ইফতেখার আহমেদ খান, ফাহিমা খাতুন, মোঃ শহীদুল্লাহ, মোঃ ইউসুফ আলী, মাজহারুল ইসলাম, কাজী এবিএম ইকবাল, জয়নাল আবেদীন, জিএম আক্কাস, আতিয়ার রহমানসহ সারাদেশ হইতে আগত বিপুল সংখ্যক শিক্ষক প্রতিনিধি বক্তব্য রাখেন। পদোন্নতি না হইলে ২৩শে মার্চ আহূত সমিতির সাধারণ সভায় কঠোর আন্দোলন কর্মসূচী প্রদান করা হইবে বলিয়া ঘোষণা দেওয়া হয়। সামাবেশে শিক্ষকগণ তাহাদের বক্তব্যে পদোন্নতি বন্ধ থাকা, প্রায় ২৫০০ পদ শূন্য থাকা ইত্যাদি কারণে কলেজগুলির শিক্ষা ব্যবস্থার বিপর্যয়ের চিত্র তুলিয়া ধরেন। তাহারা বলেন, দীর্ঘ প্রায় ৫ বছর সরকারী কলেজ শিক্ষকদের পদোন্নতি বন্ধ রহিয়াছে। সাধারণভাবে ৫ বছরে পদোন্নতির বিধান থাকিলেও কোন কোন শিক্ষক ২০/২১ বছর এন্ট্রিপদ অর্থাৎ প্রভাষক পদে কর্মরত আছেন। ইহাতে শিক্ষকগণ যেমন হতাশাগ্রস্ত, তেমনি নূতন শিক্ষক নিয়োগের পথও রুদ্ধ হইয়া আছে। বর্তমানে প্রায় ৪ হাজার শিক্ষক পদোন্নতির অপেক্ষায় রহিয়াছেন। সরকারী কলেজগুলিতে অনার্স ও মাস্টার্স কোর্স খোলা হইলেও এনাম কমিশনের প্যাটার্ন মোতাবেক পদ সৃষ্টি হয় নাই।

শিক্ষকদের পদোন্নতি, অর্জিত ছুটি প্রদান, পদ সৃষ্টি ও সৃষ্টপদ স্থায়ীকরণের দাবীতে বিসিএস সাধারণ শিক্ষা সমিতি এই সমাবেশের আয়োজন করে। সারাদেশের ২৩৩টি সরকারী কলেজের প্রায় ২৫০০ শিক্ষক এ সমাবেশে যোগদান করেন। সমাবেশ শেষে শিক্ষকদের একটি বিশাল গিছিল শিক্ষাভবন হইতে প্রেসক্লাব হইয়া আবার শিক্ষাভবনে গিয়া শেষ হয়।